



রেডিও
মেঘনা

মেঘনা বুলেটিন

ডিসেম্বর, ২০২১; সংখ্যা-৪৬



আমাদের সম্পর্কে

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ফাউন্ডেশন এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাসন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।

স্বাস্থ্য বিষয়ক অনুষ্ঠান শুনে শাল দুধের প্রয়োজনীয়তা সম্পর্কে জেনেছেন লিপি বেগম

চরফ্যাসন হাজারীগঞ্জ এলাকার লিপি বেগম (২৬)। হয়েছেন সদ্য মা। বিয়ের আগে থেকেই তিনি নিয়মিত রেডিও মেঘনা শুনতেন। তবে বিয়ের পর সংসারের ব্যস্ততার কারণে প্রতিদিন না শুনলেও সময় পেলেই কান পাতেন ৯৯.০ এফএম এ। শুনেন কিভাবে গর্ভাবস্থায় মায়ের যত্ন ও করণীয়, প্রসবের ক্ষুদ্র ক্ষুদ্র ও নবজাতক শিশুর যত্ন। জন্মের পর পরই মায়ের শাল দুধ ও পরবর্তী ৬ মাস মায়ের বুকের দুধ নবজাতক শিশুর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই তার সম্ভান প্রসবের পর শাল দুধ ও নিয়মিত বুকের দুধ খাওয়ান লিপি বেগম। তিনি বলেন, 'একজন শিশুর যেটুকু পুষ্টির প্রয়োজন শালদুধ থেকে সে পরিমাণ পুষ্টি পাওয়া যায়। শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য শাল দুধই যথেষ্ট। জন্মের একঘণ্টার মধ্যে শিশুকে শাল দুধ খাওয়ানো না হলে, শিশুর শরীরে রক্তে গ্লুকোজ ও শর্করার পরিমাণ কমে যেতে পারে, এমনকি খিঁচুনি দেখা দিতে পারে। সম্ভান প্রসবের পর বাড়ির মুরুব্বীরা মুখে মধু দিতে বলতেন। আমি বলেছি রেডিওতে শুনেছি মধু খাওয়ানো উচিত না' এমটাই বলেন সচেতন এই মা।

রেডিও মেঘনার নিয়মিত স্বাস্থ্য বিষয়ক অনুষ্ঠান 'স্বস্থ্যই সুখ'। অনুষ্ঠানের প্রতি সপ্তাহে স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন বিষয় নিয়ে ফোন ইন আলোচনা অনুষ্ঠান প্রচার করা হয়। এই অনুষ্ঠানের মাধ্যমে



একজন সচেতন মায়ের সাক্ষাৎকার নিচ্ছেন জেসমিন তালুকদার।
স্থান: হাজারীগঞ্জ, ছবি: ফারিহা ইসলাম। তারিখ: ২০.১২. ২০২১।

নির্ধারিত বিষয়ে নানান তথ্য, পরামর্শ ও শ্রোতাদের ফোন কলের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করা হয়। এমনই একটি পর্বে আলোচনা করা হয় নবজাতক শিশুর জন্ম ও মায়ের শালদুধ ও বুকের দুধের গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে। অনুষ্ঠানে সরাসরি আলোচনায় অতিথি হিসেবে পরামর্শ প্রদান করেন চরফ্যাসন স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার, মেডিসিন বিশেষজ্ঞ নূর মোহাম্মদ তালুকদার। উপস্থাপনায় ছিলেন, জেসমিন তালুকদার।

কাজের পাশাপাশি বিদ্যালয়মুখী হয়েছে চরফ্যাসনের ফরহাদ, অনুপ্রেরণায় রেডিও মেঘনা

চরফ্যাসন মাদ্রাজ এলাকার শিশু ফরহাদ (১৬)। করোনা ও পরিবারের অভাব অনটনের কারণে নবম শ্রেণির পর পড়ালেখা ছেড়ে দিয়ে ২ বছর যাবৎ কাজ করে আসছে স্থানীয় একটা ফার্নিচারের দোকানে। এখান থেকে প্রতি মাসে আয়ের ৮-১০ হাজার টাকা পুরোটাই তুলে দেয় বাবার হাতে। পরিবারে মা-বাবাসহ রয়েছে ছোট বোন। তার ছোট বোনের বিদ্যালয়ে যাওয়া দেখে তারও প্রবল ইচ্ছে জাগে পড়ালেখার। কিন্তু নিয়তির কাছে যেনো সে অসহায়। এমনাই বর্ণনা করেন ফরহাদ। তিনি বলেন, কাজের সময় রেডিও চালু করে রাখে। কাজের গতি বাড়ানোর জন্য বিনোদন পেতে রেডিও মেঘনার গানের অনুষ্ঠান এবং সচেতনতা ও শিক্ষামূলক অনুষ্ঠান শুনেই পার করতো সারাটা দিন। হঠাৎ একদিন শিশু শ্রম ও শিশুদের অধিকার বিষয়ক অনুষ্ঠান ‘আজকের শিশু’ অনুষ্ঠানটি শুনে ফরহাদ। অনুষ্ঠান তুলে ধরা হয় প্রবল ইচ্ছে শক্তি থাকলে যেকোনো ভাবেই নিজের লক্ষ্যটাকে এগিয়ে নিয়ে যাওয়া যায়। তা শুনেই পড়ালেখার প্রতি পুনঃরুজ্জীবিত হয়ে ওঠেন এই শিশু সৈনিক। এরপর দোকানের মালিকের কাছে তার ইচ্ছের কথা প্রকাশ করেন। দোকান মালিকও তার এই মহৎ ইচ্ছের প্রতি সম্মতি প্রদান করেন। শুরু হয়েছে যায় ফরহাদের ইচ্ছে পূরণের যাত্রা। বর্তমানে ফরহাদ দশম শ্রেণিতে পড়ছে। রেডিও মেঘনার অনুষ্ঠান শুনে অনুপ্রাণিত হওয়ায় এবং দোকান মালিক তার পড়ালেখার সুযোগ তৈরী করায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাতে বিন্দুমাত্র কার্পণ্য করেননি ফরহাদ। এদিকে দোকান মালিক শাহিনের (৩৫) সাথে কথা হলে তিনি জানান,



অদম্য ফরহাদের সাক্ষাৎকার নিচ্ছেন ফাতেমা জাহান।
স্থান: মাদ্রাজ, ছবি: খাদিজা আক্তার। তারিখ: ২৬.১২. ২০২১।

ফরহাদের কাজের প্রতি যেমন আগ্রহ পড়ালেখার প্রতিও তেমন আগ্রহী। রেডিও মেঘনায় গানের অনুষ্ঠান শুনে শুনে আনন্দ নিয়ে খুব সুন্দর কাজ করে সে। তার কাজে মুগ্ধ হয়ে তার পারিশ্রমিক বাড়িয়ে দিয়েছেন তিনি। তাই যখন তার পড়ালেখার আগ্রহ প্রকাশ করলো তিনি আর না করতে পারেননি। ‘আমি যদি তার পড়ালেখায় বাধা দিই তাহলে তার মন ভেঙে যাবে এবং কাজের আগ্রহটাও নষ্ট হয়ে যাবে। তাই ফরহাদ যেনো সমান তালে কাজ ও পড়ালেখা চালিয়ে যেতে পারে সে জন্য আমি সব রকম সহযোগিতা করবো’ শাহিন বলেন।



শ্রোতা মতামত

- স্থানীয় সংবাদে চরফ্যাসনের বিভিন্ন এলাকার খবরাখবর জানা যায়, তাই আরো বেশি সংবাদ শুনতে চায়।
- বর্ণালী অনুষ্ঠানে মশা পানের উপকারিতা ও পান মসলার ক্ষতিকর দিকসহ মশা কখন কামড় দেয়, কতদিন বাঁচে, কিভাবে ভাইরাস ছড়ায় এ বিষয়ে জেনে খুশি শ্রোতারা। এমন অজনা আরো তথ্য জানতে চান শ্রোতারা।
- অনুরোধের আসর ও ফোন ইন অনুষ্ঠানে পছন্দের গান শুনতে এবং নিজেদের কথা বলতে পেরে খুশি শ্রোতাবৃন্দ।

যোগাযোগ:

উম্মে নিশি,
সহকারি স্টেশন ম্যানেজার,
রেডিও মেঘনা, কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা
ফোন: ০১৭০৮ ১২০৩০০

 manager@radiomeghna.net

 /radiomeghna99.0

 /radiomeghna.net